গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
www.rdcd.gov.bd

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং Live System পরিবীক্ষণের নিমিত্ত অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	শাহানারা খাতুন সচিব
সভার তারিখ	১১/০৯/২০২৪ খ্রি.
সভার সময়	দুপুর ০৩:৩০ ঘটিকা
স্থান	উপদেষ্টা মহোদয়ের মিনি কনফারেন্স রুম (কক্ষ নং-৭৩৫, ৭ম তলা, ভবন নং-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট-ক)।

পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব এ. এফ. হাসান আরিফ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সচিব মহোদয় ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সম্পর্কে প্রারম্ভিক তথ্য উপস্থাপন করেন। অতঃপর তিনি এ বিভাগের সিস্টেম এনালিস্টকে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম এর সূচনালগ্ন হতে এ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি, বর্তমান পরিস্থিতি বিষয়ে সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। <u>আলোচনা:</u>

সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট প্রকৌঃ মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম এর ০৬টি Component সভায় উপস্থিত করেন। Component-1: Loan & Capital Management System এ বিভাগের আওতাধীন যে সকল দপ্তর/সংস্থা ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র সঞ্চয় নিয়ে কার্যক্রম পরিচালনা করে তাদের জন্য এ সিস্টেম ব্যবহৃত হবে। Component-2: Cooperative Society Registration & Monitoring Management এ নতুন ও পুরাতন সমবায় সমিতি রেজিস্ট্রেশন, তাদের সকল তথ্য সংরক্ষণ এবং এ সংক্রান্ত সকল কার্যক্রম পরিচলনা ও তদারকির জন্য ব্যবহৃত হবে। সিস্টেমটির সাথে সমবায় অধিদপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এবং মিল্কভিটা-এর সম্পৃক্ততা রয়েছে। Component-3: Online Milk Collection & Distribution Management System মূলত বানিজ্যিক ভাবে মিল্কভিটা'র পাশাপাশি বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) সহ যে সকল প্রতিষ্ঠান গবাদি পশু পালন করে থাকে তাদের জন্য এটি ব্যবহৃত হবে। Component-4: Sale & E-Commerce System সকল দপ্তর/সংস্থার সুফলভোগীদের উৎপাদিত পণ্যসমূহকে Online Marketing Platform-এ নিয়ে আসার জন্য এটি তৈরি করা হচ্ছে। Component-5: Beneficiary Information & Service Management System Component-1 এবং Component-2 এর সকল সুফলভোগীদের তথ্য এবং সেবা প্রদানের ক্ষেত্রে তৈরি করা হচ্ছে। Component-6: Beneficiary Training & Skill Development Management System Component-1 এবং Component-2 এর সকল সুফলভোগীদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান এবং skill development এর জন্য তৈরি করা হচ্ছে। সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন যে, বর্তমানে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারী প্লাটফর্ম এর Part-2 এর Piloting, Go Live এবং Part-1 ও Part-2 এর Maintenance & Support পর্যায়ে রয়েছে। সম্পূর্ণ সিস্টেমটির অংশীজনের ToT প্রশিক্ষণ প্রদান না করার ফলে কার্যক্রম স্থবির হয়ে আছে।

এছাড়া তিনি জানান যে, বার্ড, কুমিল্লা কর্তৃক একটি প্রকল্পের মাধ্যমে তৈরিকৃত Enterprise Resource Planning (ERP) System কে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার প্রয়োজনীয় চাহিদা মাফিক up-gradation and customization Scaleup replication করার জন্য ভেন্ডর প্রতিষ্ঠান (ERA Infotech Ltd. & Orange BD Ltd (JV)) কে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সভায় মাননীয় উপদেষ্টা জনাব এ. এফ. হাসান আরিফ Online Milk Collection & Distribution Management System এ ব্যক্তি পর্যায়ে যে দুধ সংগ্রহ করা হয় তার গুণাগুন পরীক্ষাকরণের নিমিত্ত POS Machine ক্রয়ের ক্ষেত্রে সাউথ এশিয়ার দেশগুলোতে (মালয়শিয়া/ ইন্দোনেশিয়া/ থাইল্যান্ড/ সাউথ কোরিয়া) Milk Production প্রযুক্তি পর্যালোচনা করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

সভায় Loan & Capital Management System এবং Cooperative Society Registration & Monitoring Management System লাইভে দেখানো হয়। সিস্টেম দুটি পর্যবেক্ষণের পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১)	সমবায় সমিতি রেজিস্ট্রেশনের পর সমবায় সমিতির ওয়েবসাইটে ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যদের নাম, পদবি, ছবি, মোবাইল নম্বর, কমিটির সময়কাল এবং যোগাযোগের ঠিকানা ইত্যাদি তথ্য হালনাগাদ করতে হবে।	উপজেলা, জেলা, বিভাগীয় সমবায় কার্যালয় এবং সমবায় অধিদপ্তর
(২)	জেলা সমবায় কর্মকর্তাগণ তাদের অধীনস্থ জেলা, উপজেলা পর্যায়ের কর্মচারীগণের সহায়তায় উক্ত তথ্য আগামী ০৭ দিনের মধ্যে হালনাগাদের ব্যবস্থা করবেন।	উপজেলা, জেলা সমবায় কার্যালয় এবং সমবায় অধিদপ্তর

৩। পরবর্তী সভায় বাকি সিস্টেমগুলোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে প্রধান অতিথি মহোদয়ের অনুমতিক্রমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯-১০-২০২৪
শাহানারা খাতুন
সচিব

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৭.০০.০০০০.০৪৩.১৮.০০৩.২১.২০৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
২। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, উপদেষ্টা মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৩। উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৪। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৫। প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৭। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ;
৮। সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক, ইরা-ইনফোটেক লিঃ;
৯। সিইও, ওরেঞ্জবিডি লিঃ;
১০। প্রোজেক্ট ম্যানেজার, ওরেঞ্জবিডি লিমিটেড;
১১। প্রোজেক্ট কো-অর্ডিনেটর, ইরা ইন্‌ফোটেক লিঃ এবং

১২। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।





০৯-১০-২০২৪
প্রকৌশলী মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিস্ট